

## ‘ব্লাড গ্রুপিং প্রোগ্রাম’

জিপি-সিআইসি,  
নাগেশ্বরী, কুড়িগ্রাম



গত ৮ নভেম্বর, ২০০৭ইং তারিখে গ্রামীণফোন কমিউনিটি ইনফরমেশন সেন্টার (জিপি-সিআইসি), নাগেশ্বরী, কুড়িগ্রাম-এ জনসাধারণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সেবা’র সহযোগিতায় ‘ব্লাড গ্রুপিং প্রোগ্রাম’ অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো: গোলাম নবী, প্রধান শিক্ষক, সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়, নাগেশ্বরী। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব ডা: এ.কে. এম শামস উদ্দীন, বিভাগীয় প্রধান, রক্ত পরিসঞ্চালন বিভাগ, রংপুর মেডিকেল কলেজ হসপিটাল, রংপুর। বিশেষ অতিথিবৃন্দ ছিলেন জনাব ডা: মো: শাহজাহান, মেডিকেল অফিসার, রক্ত পরিসঞ্চালন বিভাগ, রংপুর মেডিকেল কলেজ হসপিটাল, জনাব ডা: গোলাম মওলা, মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নাগেশ্বরী, জনাব মো: ফজলে রশিদ খান, ব্যবস্থাপক, সেবা এবং জনাব আমিনুর রহমান, কাষ্টমার কেয়ার ম্যানেজার, গ্রামীণফোন।

ব্লাড গ্রুপিং প্রোগ্রামের উদ্দেশ্য ছিল রক্ত পরিক্ষার মাধ্যমে মানুষকে রক্তের গ্রুপ সম্পর্কে সচেতন করা এবং প্রয়োজনে রক্তদানের মত সামাজিক কার্যক্রমে উদ্বুদ্ধ করা।

অনুষ্ঠানে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী, ড্রাইভার, মহিলা, বেকার যুবকসহ বিভিন্ন পেশার মানুষ উপস্থিত ছিলেন। প্রায় ২০০ অংশগ্রহনকারীর মধ্যে ৯০% স্কুল ছাত্রী।

সভাপতি, প্রধান অতিথি এবং বিশেষ অতিথি বৃন্দের বক্তৃতা থেকে যে বিষয় বেরিয়ে আসে তা হলো: শারিরীক দিক থেকে সুস্থ থাকতে হলে রক্ত পরিক্ষার মাধ্যমে রক্তের গ্রুপ জেনে নেয়া এবং রক্তের গ্রুপ সম্পর্কে গনসচেতনতা সৃষ্টি করা। রক্তের গ্রুপ সম্পর্কিত তথ্য গ্রামীণফোন কমিউনিটি ইনফরমেশন সেন্টার (জিপি-সিআইসি) নাগেশ্বরী, কুড়িগ্রাম-এ পাওয়া যাবে।